গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক নিরাপত্তা শাখা

**বিষয়: সড়ক দুর্ঘটনার সার্বিক পরিস্থিতি সম্পর্কে সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ-কে নিয়মিত অবহিতকরণ ও সড়ক নিরাপত্তা নিশ্চিতে সুপারিশ/পরামর্শ প্রদান সম্পর্কিত কমিটির অনুষ্ঠিত ১ম** সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | সৈয়দা ফারহানা কাউনাইন<br>যুগ্মসচিব<br>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| সভার তারিখ | : | ১৬-০৩-২০২৩ |
| সময় | | সকাল ১১:০০ টায় |
| স্থান | : | অনলাইন (জুম অ্যাপস) |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-'ক' |

সভাপতি উপস্থিত সকলকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি এ মর্মে উপস্থিত সকলকে অবহিত করেন যে, গত ১৭-০২-২০১৯ তারিখে জাতীয় নিরাপত্তা কাউন্সিলের ২৬তম সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে সড়কের শৃঙ্খলা জোরদারকরণ ও দুর্ঘটনা হ্রাসে করণীয় নির্ধারণে সুনির্দিষ্ট সুপারিশ প্রদানের লক্ষ্যে জনাব শাহজাহান খান, এমপি মহোদয়ের নেতৃত্বে একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি ১১১টি সুপারিশ সম্বলিত প্রতিবেদন দাখিল করে। মোট ১১১টি সুপারিশের মধ্যে আশু করণীয় ৫০টি, স্বল্প মেয়াদী ৩২টি এবং দীর্ঘ মেয়াদী ২৯টি। সুপারিশসমূহ বাস্তবায়নের নিমিত্ত ইতোমধ্যে পদক্ষেপ গ্রহণ করা হয়েছে এবং তা চলমান আছে।

০২। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপসচিব (সড়ক নিরাপত্তা) বর্ণিত কমিটির সদস্য সচিব এ মর্মে অবহিত করেন যে, ইতোমধ্যে সড়ক দুর্ঘটনার সার্বিক পরিস্থিতি সম্পর্কে সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগকে নিয়মিত অবহিতকরণ ও সড়ক নিরাপত্তা নিশ্চিতে সুপারিশ/পরামর্শ প্রদানকল্পে ০৬ (ছয়) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। তিনি বর্ণিত কমিটির কার্যপরিধি নিয়ে আলোকপাত করেন। পরবর্তীতে সভাপতির অনুমতিক্রমে উপস্থিত সদস্যগণ উন্মুক্ত আলোচনায় অংশগ্রহণ করেন।

০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রোড ডিজাইন ও সেফটি সার্কেল, সড়ক ও জনপথ অধিদপ্তর বলেন যে, সড়ক দুর্ঘটনা রোধে বেশ কয়েকটি প্রকল্প চলমান রয়েছে। সড়কের ডিজাইন করার ক্ষেত্রে রোড সেফটিকে প্রধান্য দেয়া হয়। ভবিষ্যতে আরও যুগোপযোগী প্রকল্প গ্রহণের চেষ্টা অব্যাহত থাকবে।

০৪। পরিচালক (এনফোর্সমেন্ট), বিআরটিএ বলেন যে, বর্ণিত কমিটির কর্মপরিধি অনুযায়ী সঠিক তথ্যাদিসহ কর্মপন্থা নির্ধারণ করতে হবে। আলোচ্য কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম বাস্তবায়নে বিআরটিএ বদ্ধপরিকর।

০৫। পরিচালক (রোড সেফটি) বিআরটিএ'র বলেন যে, সারাদেশে ফিটনেসবিহীন ও লাইসেন্সবিহীন যানবাহন চলাচল করে থাকে। এছাড়া অনেক গাড়ী চালক আইন না জেনে বেপ্‌রোয়া গতিতে গাড়ী চালিয়ে থাকে। এর ফলে সড়ক দুর্ঘটনাগুলো ঘটে থাকে। দুর্ঘটনা প্রতিরোধে বিআরটিএ হতে যথারীতি প্রচার প্রচারণা অব্যাহত রয়েছে এবং ভ্রাম্যমান আদালতের মাধ্যমে সড়কে চলাচলরত যানবাহনের ফিটনেস পরীক্ষা করাসহ ড্রাইভারদের সঠিক ড্রাইভিং লাইসেন্স যাচাই এবং প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের মাধ্যমে সড়কে নিরাপত্তা ফিরিয়ে আনার প্রচেষ্টা চলমান আছে। যানবাহন মালিকদেরকে বিভিন্ন সময়ে সভা সেমিনারের মাধ্যমে সড়ক দুর্ঘটনা প্রতিরোধে সচেতনতামূলক পরামর্শ প্রদান করা হচ্ছে। তিনি আরো বলেন সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের নির্দেশনা মতে প্রতি মাসে সারাদেশে সংঘটিত সড়ক দুর্ঘটনার তথ্য বিআরটিএ হতে প্রেরণ করা হচ্ছে।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

০৬। উপসচিব (বিআরটিএ) বলেন যে, সারাদেশের বিভিন্ন স্থানে সড়ক দুর্ঘটনা সংঘটিত হয়েছে। জানুয়ারী, ২০২৩ সময়ে ৩২২টি সড়ক দুর্ঘটনা সংঘটিত হয়েছে। এতে ৩৩৩ জন মারা যায় এবং ৩৩৬ জন আহত হয়। অপরদিকে ফেব্রুয়ারী, ২০২৩ সময়ে সংঘটিত ৩০৮টি সড়ক দুর্ঘটনায় ৩০৩ জন মারা যায় এবং ৪১৬ জন আহত হয়। তিনি জানান যে, সড়কের নিরাপত্তাকল্পে ১১১ দফা নির্দেশনা অনুযায়ী কার্যক্রম চলছে। আলোচ্য কমিটির কর্মপরিধি সম্পর্কে তিনি বলেন যে, সমগ্র দেশ হতে বিআরটিএ'র মাধ্যমে সংগৃহীত তথ্য প্রতিমাসের ০৬ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। উক্ত তথ্য সচিব মহোদয়কে অবহিত করণের জন্য উপস্থাপন করতে হবে। যার ফলে আলোচ্য কমিটির নিয়মিত অবহিতকরণের কার্যক্রমটি নিশ্চিত করা সম্ভবপর হবে। অধিকন্তু সময়ে সময়ে উক্ত কমিটির মাধ্যমে সড়ক নিরাপত্তা নিশ্চিতে সুপারিশ/পরামর্শ প্রদান করতে হবে।

০৭। আলোচনার প্রেক্ষিতে সভাপতি বলেন যে, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা সমূহের মাধ্যমে সড়ক নিরাপত্তা সংক্রান্ত বিভিন্ন প্রকল্প গ্রহণ করা হচ্ছে। এ সংক্রান্তে বিস্তারিত তথ্যাদি অত্র বিভাগের এস্টেট অনুবিভাগের সড়ক নিরাপত্তা শাখায় থাকা আবশ্যক। যাতে প্রযোজ্য ক্ষেত্রে সকল তথ্যাদির আলোকে সড়ক নিরাপত্তা নিশ্চিতকল্পে সুপারিশ প্রণয়নসহ আনুষাঙ্গিক কার্যক্রম গ্রহণ করা যায়। তিনি আরো বলেন যে, সড়ক নিরাপত্তা নিশ্চিত করণের লক্ষে ১১১ দফা সুপারিশ বিশ্লেষণ করে বাস্তবতা ও প্রয়োজনীয়তার নিরিখে এর বহির্ভূত সুপারিশমালা আলোচ্য কমিটি কর্তৃক প্রণয়ন করা যেতে পারে।

০৮। বিস্তারিত আলোচনান্তে গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০১ | সড়ক দুর্ঘটনার তথ্য প্রতিমাসের ০৫ হতে ০৭ তারিখের মধ্যে বিশ্লেষনান্তে বিআরটিএ হতে অত্র বিভাগ বরাবর প্রেরণ করতে হবে। আলোচ্য তথ্যাদি সচিব মহোদয়কে অবহিতসহ অত্র বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | চেয়ারম্যান (বিআরটিএ)/উপসচিব (সড়ক নিরাপত্তা)/ সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ। |
| ০২ | ১১১ দফা সুপারিশসমূহ পর্যালোচনান্তে বাস্তবতা ও প্রয়োজনীয়তার নিরিখে এর বহির্ভূত সুপারিশমালা/পরামর্শ সমূহ **(প্রযোজ্য হলে)** আগামী ২০**(বিশ)** কার্য দিবসের মধ্যে প্রণয়ন পূর্বক দাখিল করতে হবে। | সড়ক দুর্ঘটনার সার্বিক পরিস্থিতি সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগকে নিয়মিত অবহিতকরণ ও সড়ক নিরাপত্তা নিশ্চিতে সুপারিশ/পরামর্শ প্রদান সম্পর্কিত **কমিটির সদস্যগণ।**<br>সুপারশিমালা/পরামর্শ সমূহ প্রণয়নের কার্যক্রমটি সমন্বয় করবেন উপসচিব (সড়ক নিরাপত্তা) ও সদস্য সচিব বর্ণিত কমিটি, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ। |
| ০৩ | অত্র বিভাগের আওতাধীন বিভিন্ন দপ্তর/সংস্থা কর্তৃক সড়ক নিরাপত্তাকল্পে গৃহীত/গৃহীতব্য প্রকল্পের কার্যক্রম এস্টেট অনুবিভাগের প্রধানসহ বিআরটিএ ও সড়ক নিরাপত্তা শাখার কর্মকর্তাদের সম্পৃক্ত করতে হবে। | দপ্তর ও সংস্থা সমূহ/পরিকল্পনা অনুবিভাগ/উন্নয়ন অনুবিভাগ,<br>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ। |
| ০৪ | দুই মাসে অন্ততঃ ০১ বার উক্ত কমিটির সভা করতে হবে। এছাড়াও বাস্তবতা ও প্রয়োজনীয়তার নিরিখে সভা আহবান করা হবে। | সড়ক দুর্ঘটনার সার্বিক পরিস্থিতি সম্পর্কে সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগকে নিয়মিত অবহিতকরণ ও সড়ক নিরাপত্তা নিশ্চিতে সুপারিশ/পরামর্শ প্রদান সম্পর্কিত **কমিটি সদস্য সচিব।** |

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

০৯। পরিশেষে আর কোনো আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০৬-০৪-২০২৩
(সৈয়দা ফারহানা কাউনাইন)
যুগ্মসচিব (সম্পত্তি অধিশাখা)
ও
সভাপতি
সড়ক দূর্ঘটনার সার্বিক পরিস্থিতি সম্পর্কে সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগকে নিয়মিত অবহিতকরণ ও সড়ক নিরাপত্তা নিশ্চিতে সুপারিশ/পরামর্শ প্রদান সম্পর্কিত কমিটি

স্মারক নম্বর: ৩৫.০০.০০০০.০২০.১৬.০০২.২৩-২৩

তারিখ: ১০-০৪-২০২৩ খ্রিস্টাব্দ

**অনুলিপি-সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল:**

১। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
২। চেয়ারম্যান, বিআরটিএ, নতুন বিমান বন্দর সড়ক, চেয়ারম্যান বাড়ী, বনানী ঢাকা
৩। চেয়ারম্যান, বিআরটিসি, বিআরটিসি ভবন, ২১ রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা-১০০০
৪। নির্বাহী পরিচালক, ডিটিসিএ, দক্ষিণ নগর ভবন, ১৩-১৪ তলা, ফিনিক্স রোড, ঢাকা-১০০০
৫। অতিরিক্ত সচিব (উন্নয়ন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৬। অতিরিক্ত সচিব (পরিকল্পনা), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৭। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি, বাড়ী নং-০৪, রোড নং-২১, সেক্টর-০৪, উত্তরা, ঢাকা-১২৩০
৮। যুগ্মসচিব (সম্পত্তি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৯। উপসচিব (বিআরটিএ), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১০। পরিচালক (এনফোর্সমেন্ট), বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), নতুন বিমান বন্দর সড়ক, চেয়ারম্যান বাড়ী, বনানী ঢাকা
১১। পরিচালক (রোড সেফটি), বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), নতুন বিমান বন্দর সড়ক, চেয়ারম্যান বাড়ী, বনানী ঢাকা
১২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রোড ডিজাইন ও সেফটি সার্কেল, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইসিটি ইউনিট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৪। সিনিয়র রোড সেফটি স্পেশালিস্ট, ডিটিসিএ, দক্ষিণ নগর ভবন, ১৩-১৪ তলা, ফিনিক্স রোড, ঢাকা-১০০০

১০.০৪.২০২৩
(মোঃ জহিরুল ইসলাম)
উপসচিব
ফোন: ২২৩৩৯০৪০০

সিনিয়র সিস্টেম এনালিষ্ট
সিস্টেম এনালিস্ট/ সিনিয়র প্রোগ্রামার
প্রোগ্রামার
মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
সংমেঃ ই-১/ সঃমেঃই-২
নথি
ডায়েরি নং- ৪৬২
তারিখ- ১১/০৪/২৩